



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ৯৪/২২

তারিখ: ১০ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক হত্যা মামলায় যাবজ্জীবন সাজা প্রাপ্ত ২২ বছর ধরে পলাতক আসামী
শ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট এর একটি দল ২৪/০৩/২০২২ খ্রি. রাত ১২.৩০ ঘটিকায় খিলক্ষেত বড়ুয়া বাজার এলাকা থেকে হত্যা মামলায় যাবজ্জীবন সাজা প্রাপ্ত ২২ বছর ধরে পলাতক আসামীকে শ্রেফতার করেছে। শ্রেফতারকৃত আসামীর নাম- মোঃ আনোয়ার হোসেন (৫৫), পিতা- মোঃ জসিমউদ্দিন, গ্রাম- রাজারামপুর, থানা- ফুলবাড়ী, জেলা- দিনাজপুর। আসামী দিনাজপুর জেলার ফুলবাড়ী থানার মামলা নং- ১৯ (১)২০০০, ধারা-৩০২ পেনাল কোড এর হত্যা মামলায় যাবজ্জীবন দণ্ডপ্রাপ্ত আসামী। এন্টি টেররিজম ইউনিট ও দিনাজপুর জেলা পুলিশ যৌথভাবে এ অভিযান পরিচালনা করে।

শ্রেফতারকৃত আনোয়ার হোসেন ২০০০ সালে তার ২য় স্ত্রী আলতাফুন@আলতা বেগম (২৫) কে খুন করে পালিয়ে যায়। সে দীর্ঘ ২২ বছর ধরে ঢাকায় আত্মগোপনে ছিল, যার মধ্যে বিচারাধীন সময় ০৫ বছর ও রায় ঘোষণার পরে ১৭ বছর। শ্রেফতারের আগে ঢাকায় খিলক্ষেত এলাকায় নাম পরিচয় গোপন করে সে টিম্বার স মিলে কাজ করত। ২০০৫ সালে হত্যা মামলার রায়ে তাকে যাবজ্জীবন সাজার দণ্ড প্রদান করা হয়। জিজ্ঞাসাবাদে বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ততার কথা সে স্বীকার করেছে। শ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।

২৪/০৩/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)

এন্টি টেররিজম ইউনিট

বাংলাদেশ পুলিশ, ঢাকা।

Email- atu.spma@police.gov.bd